# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তাবুক যুদ্ধ - নবম হিজরীর রজব মাসে (غـــزوة تبـــوك في رجب سنة ٩هـ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

১১. বনু ফাযারাহর প্রতিনিধি দল (وَفْدُ بَنِيْ فَزَارَةَ):

তাবুক হতে রাসূলুল্লাহ (ﷺ)-এর প্রত্যাবর্তনের পর এ প্রতিনিধিদল ৯ম হিজরীতে মদীনায় আগমন করেন। এ দলের সদস্য সংখ্যা ছিল দশ জনের অধিক। এরা সকলেই ইসলাম গ্রহণ করেছিলেন। তাঁরা তাঁদের অঞ্চলে দুর্ভিক্ষের কথা বলায় রাসূলুল্লাহ (ﷺ) মিম্বরের উপর পদার্পণ করলেন এবং দু' হাত তুলে বৃষ্টির জন্য প্রার্থনা করলেন। তিনি আল্লাহর সমীপে আরয করলেন,

(اللهم اَسْقِ بِلَادَكَ وَبَهَائِمِكَ، وَانْشُرْ رَحْمَتَكَ، وَأَحْيِ بَلَدَكَ الْمَيِّتِ، اللهم اَسْقِنَا غَيْثاً مُغِيْثاً، مَرِيْئًا مَرِيْعاً، طَبَقاً وَاسِعاً، عَاجِلاً غَيْرَ آجِلٍ، نَافِعاً غَيْرَ ضَارٍّ، اللّٰهُمَّ سُقْيًا رَحْمَةٌ، لَا سُقْيًا عَذَابٌ، وَلَاهَدْمَ وَلَا غَرَقَ وَلَا مَحْقَ، اللّٰهُمَّ اَسْقِنَا الْغَيْثَ، وَانْصُرْنَا عَلَى الْأَعْدَاءِ)

'হে আল্লাহ! তোমার রহমত ধারা বর্ষণ ও বিস্তৃত করে তোমার সৃষ্টিরাজিকে পরিতৃপ্তি করো এবং মৃতপ্রায় জনপদকে সঞ্জীবিত কর। হে আল্লাহ! আমাদের উপর এমন বৃষ্টি বর্ষণ কর যা আমাদের জন্য আনন্দদায়ক কল্যাণকর ও আরামদায়ক হয় এবং বিস্তৃত অঞ্চল জুড়ে হয়, তা যেন বিলম্বে না হয়ে শীঘ্র হয়। হে আল্লাহ! এ বৃষ্টি যেন তোমার রহমতের বৃষ্টি হয়, শাস্তিমূলক কিংবা ধ্বংসাত্মক না হয়, তা যেন আমাদের ভাসিয়ে না দেয় এবং নিশ্চিহ্ন করে না ফেলে। হে আল্লাহ! বৃষ্টিদ্বারা আমাদের পরিতৃপ্ত কর এবং শত্রুদের বিরুদ্ধে আমাদের সাহায্য কর।[1]

## ফুটনোট

[1] যাদুল মা'আদ ৩য় খন্ড ৪৮ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6444

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন